আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের
চ্যবনপ্রাশ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

Registered
No C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জজ গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই অগ্রহায়ণ বুধবার, ১৩৭১ইং 25th Nov. 1964 { ২৭শ সংখ্যা




সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Seave ?



রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে। রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না। জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা
কেরোসিন কুকার
চমকে হাজতা ও বিপুলতা আনবে।
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২
KALPANA O. M.



বাস্তুজমি বিক্রয়

রঘুনাথগঞ্জ হাসপাতালের পশ্চিমে দুই বিঘা বাস্তুজমি বিক্রয় আছে। স্কুল, কোর্ট, বাজার ইত্যাদি নিকটে। বিস্তারিত বিবরণের জন্য নিম্নে অনুসন্ধান করুন।

প্রফুল্লকুমার ব্যানার্জী
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ



স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

৯ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৭১ সাল।

## যাচক ব্রাহ্মণ পণ্ডিতের মূর্খ রাজার দরবারে শিবত্ব লাভ!

—•—

বৃদ্ধ দানশীল রাজা ব্রাহ্মণ পণ্ডিতগণকে তাঁহাদের মর্য্যাদা বুঝিয়া দান করিতে কুণ্ঠিত হইতেন না। বৃদ্ধ রাজার পরলোক প্রাপ্তির পর তাঁহার পোষ্য-পুত্র রাজসিংহাসনে উপবেশন করিয়া রাজসভাকে ইয়ার-দোস্তগণের আড্ডায় পরিণত করিয়া মহানন্দে কাল যাপন করিতেছেন।

মহারাজ বিক্রমাদিত্যের নবরত্নের অনুকরণ না করিয়া উনপঞ্চাশটি রত্ন এ যাবৎ সংগ্রহ করিয়াছেন। সংস্কৃত নাম না দিয়া সভার নাম দিলেন উনপঞ্চাশী।

এক ব্রাহ্মণ পণ্ডিত সভার নাম শুনিয়া অবধি এতদিন রাজদ্বারে কখনও যান নাই।

জীর্ণ মলিন বাস পরিহিত হইয়াই অভাবী ব্রাহ্মণ কিঞ্চিৎ প্রাপ্তির আশায় রাজসভায় উপস্থিত হইলেন। রাজা তাঁহার বেশ দেখিয়া সভাস্থ প্রহরীকে আদেশ দিলেন—ইহাকে অর্দ্ধচন্দ্র দিয়া বিদায় কর। ব্রাহ্মণের "অর্দ্ধচন্দ্র" মানে যে গলা-ধাক্কা তা জানা আছে। তিনি রাজার দানশক্তি অনুভব করিয়া একটি শ্লোক আবৃত্তি করিলেন—

ধূলিধূসরিতঃ পলালশয়নাৎ
শূলী কদন্নাশনাৎ
তৈলাভাববশাৎ সদা শিরসি
মে কেশা জটাত্বং গতাঃ।
গৌরেকঃ স চ নৈব লাঙ্গল-
বহো ভার্য্যা গৃহে চণ্ডিকা
যুষ্মত্তো যদি চার্দ্ধচন্দ্রমগমৎ
প্রাপ্তং পদং শাম্ভবম্॥

ব্রাহ্মণের কথিত সংস্কৃত শ্লোক শুনিয়া উনপঞ্চাশী সভার মালিক রাজা পর্য্যন্ত কেহই বুঝিতে পারিল না—ব্রাহ্মণ কি বলিলেন। তখন ব্রাহ্মণ তাহারা যাতে বুঝিতে পারে তেমনি ভাবে তাহাদের বিদ্যার মত ভাষায় বলিলেন। "শিবত্ব প্রাপ্তি প্রত্যেক হিন্দুই কামনা করে। রাজ আদেশ হইল আমাকে **অর্দ্ধচন্দ্র** দিবার জন্য। শিবের সঙ্গে আমার সমস্তই মিল আছে, কেবল শিবের অর্দ্ধচন্দ্র আছে আমার তাই নাই। যদি রাজা আজ আমাকে অর্দ্ধচন্দ্র দিয়া সেই অভাব দূর করেন তবে আমি পূর্ণ শিবত্ব প্রাপ্ত হই।

ধানের বিচালিকে লোকে **পোয়াল** বলে সংস্কৃত ভাষায় তাকে **পলাল** বলে। আমি শয্যার অভাবে ধূলিমাখা পোয়ালে শয়ন করিয়া শিবের ভস্মাচ্ছাদিত দেহের মত আমার ধূলি-ধূসরিত দেহ। শিব ত্রিশূল ধারণ করায় তাঁহার নাম হইয়াছে **শূলী** আমি কদর্য্য খাদ্য খাই বলিয়া শূল-রোগ হইয়া **শূলী** হইয়াছি। তৈলের অভাবে আমার চুল জটারূপ ধারণ করিয়াছে। শিবের বাহন বৃষভ আমারও একটি বৃষ আছে, সেটিও লাঙ্গল বহে না। শিবের ভার্য্যা চণ্ডিকা আমার ব্রাহ্মণীটিও চণ্ডিকা অর্থাৎ কোপন-স্বভাবা। শিবের কপালে অর্দ্ধচন্দ্র আছে বলিয়া তাঁহার এক নাম অর্দ্ধেন্দু-শেখর। আজ রাজা যদি সেই অর্দ্ধচন্দ্র (গলাধাক্কা নয়) আমাকে দিতে পারেন, তাহা হইলে আমি পূর্ণ শিবত্ব প্রাপ্ত হই।"

---

## সঞ্চয় সদ্ব্যবহারের পর্ষত গঠন

গত ২রা নভেম্বর (১৯৬৪) সঞ্চয় সদ্ব্যবহার পর্ষত গঠন করা হইয়াছে। সঞ্চয় আন্দোলনের বিভিন্ন দিক এবং বিভিন্ন সঞ্চয় পরিকল্পনা সম্বন্ধে সরকারকে পরামর্শ দেওয়াই এই পর্ষত গঠনের উদ্দেশ্য। এই পর্ষত সঞ্চয় বৃদ্ধি সম্পর্কে প্রচার কার্য্যও চালাইবেন।

---

## স্বল্প সঞ্চয়ের রেকর্ড সৃষ্টি

বর্ত্তমান আথিক বৎসরের প্রথম ছয় মাসে স্বল্প সঞ্চয় বাবদ ৫৫ কোটি ৩৩ লক্ষ টাকা সংগৃহীত হইয়াছে। এত বেশী টাকা ইতিপূর্ব্বে আর কোন ছয় মাসে সংগৃহীত হয় নাই। সেপ্টেম্বর মাসে (১৯৬৪) স্বল্প সঞ্চয় বাবদ সংগ্রহের পরিমাণ ছিল ১১ কোটি ১১ লক্ষ টাকা। ১৯৬৩ সালের সেপ্টেম্বর মাসে উহা ছিল ৯ কোটি ৮৪ লক্ষ টাকা।

---

## ফরাক্কা প্রকল্পের অগ্রগতি

নয়াদিল্লীতে নির্ভরযোগ্য মহল থেকে বলা হয়েছে যে, ফরাক্কা বাঁধ প্রকল্পের কাজের শ্লথ গতি সম্পর্কে কোন কোন সংবাদপত্রে যে খবর প্রকাশিত হয়েছে তা ঠিক নয়। এই প্রকল্পের দ্রুত ও সুষ্ঠু রূপায়নের জন্য ভারত সরকার ফরাক্কা বাঁধ নিয়ন্ত্রণ পর্ষদ গঠন করেছেন। এই পর্ষদে পশ্চিম বঙ্গের প্রতিনিধিও আছেন। গঙ্গার মত নদীর উপর ৭ হাজার ফুট লম্বা বাঁধ নির্মাণের মত যে কোন প্রকল্পে কিছু কিছু ক্লেশকর অসুবিধা থাকেই। ভারত-সরকার এইসব অসুবিধা দূর করবার জন্য যথাশক্তি চেষ্টা করছেন।

প্রকল্প রূপায়নের স্থানে উপনগরী নির্মাণের কাজ সন্তোষজনকভাবে চলছে। বিদ্যুৎ কারখানা চালু হওয়ার অবস্থায় এসেছে। অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থাও করা হয়েছে। বৈদেশিক মুদ্রার অসুবিধাহেতু সরঞ্জাম সংগ্রহ একটা মস্ত সমস্যা হয়ে আছে। কিন্তু বিভিন্ন সংশ্লিষ্ট মন্ত্রণা-লয়ের সম্মিলিত চেষ্টার ফলে এই সমস্যার অনেকটা সমাধান হয়েছে।

---

## জুয়ারী ধৃত

সমসেরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্ম্মচারী শ্রীসৌরেন্দ্রনাথ ব্যানার্জী এবং শ্রীপ্রাণেশ বসু, শ্রীহরেকৃষ্ণ সাহা প্রভৃতির পরিচালনায় একটি পুলিশবাহিনী কালীপূজার রাত্রে ধুলিয়ান ও পার্শ্ববর্ত্তী গ্রামসমূহে হানা দিয়া ৪৬ জন জুয়ারীকে হাতেনাতে ধরিয়া ফেলিয়া জনসাধারণের প্রশংসা-ভাজন হন।

## পণ্ডিত নেহরুর জীবনের আলোকচিত্র প্রদর্শনী

গত ১৪ই নভেম্বর ভারতের পরলোকগত প্রধানমন্ত্রীর জন্মদিনে বহরমপুর জেলা তথ্যকেন্দ্রে শিশুদিবস উপলক্ষে নেহরু-জীবনীর আলোকচিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়। মুর্শিদাবাদ জেলা সমাহর্ত্তা শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায় ইহার উদ্বোধন অনুষ্ঠানে পৌরোহিত্য করেন এবং অতিরিক্ত জেলা সমাহর্ত্তা শ্রীবি, সি, শর্ম্মা প্রধান অতিথির আসন গ্রহণ করেন।

## পারমানবিক অস্ত্রের বিরুদ্ধে বিশ্বজনমত গঠনে ভারত

প্রধান মন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী গত ৩০শে অক্টোবর আমেদাবাদে এক জনসভায় বলেন যে, বর্ত্তমান বিশ্বে কোন দেশ যত বৃহৎ আয়তনের হউক না কেন, ভারতের মত বিশাল দেশকে দূরের কথা, কোন ছোট দেশকেও শঙ্কিত বা পদানত করিতে পারে না। চীনের সাম্প্রতিক পারমানবিক বিস্ফোরণের কথা উল্লেখ করিয়া তিনি বলেন যে, মিঃ চো' এন্ লাই ও তাঁহার সহকর্মীদের পক্ষে একথা মনে করা ছেলেমানুষী যে, তাঁহারা এশিয়ার দেশসমূহকে ভীত-সন্ত্রস্ত করিয়া তুলিবেন অথবা তাঁহাদের সামরিক ক্ষমতা প্রদর্শন করিয়া ক্ষমতা বিস্তার করিবেন।

প্রধান মন্ত্রী বলেন যে, ভারত তাহার সমস্ত শক্তি লইয়া চীনের সামরিক শক্তির সম্মুখীন হইবে। কিন্তু সঙ্গে সে পারমানবিক অস্ত্র ব্যবহার নিষিদ্ধ করার চেষ্টা করিবে বলিয়া যে নীতি গ্রহণ করিয়াছে তাহা হইতে বিচ্যুত হইবে না। ভারত পারমানবিক শক্তি উন্নয়নের ক্ষেত্রে যথেষ্ট অগ্রসর হইয়াছে। তাহা সত্ত্বেও সে আনবিক বোমা নির্ম্মাণে সচেষ্ট হইবে না। ভারত শান্তির বাণী প্রচার করিতে থাকিবে এবং পারমানবিক অস্ত্রের বিরুদ্ধে বিশ্ব-জনমত গঠনে সচেষ্ট হইবে। আমেরিকা ও রাশিয়ার তুলনায় চীনকে পারমানবিক শক্তিশালী দেশ বলা চলে না। কায়রো সম্মেলনে প্রধান-মন্ত্রী চীনের পারমানবিক শক্তি অর্জ্জনের চেষ্টার যে নিন্দা করেন তাহা ব্যাপকভাবে অভিনন্দিত হয়।

## জওহরলালের জন্মবার্ষিকীতে স্মারক মুদ্রা

—০—

জওহরলাল নেহেরুর জন্মবার্ষিকী উপলক্ষে ১৪ই নভেম্বর এক টাকা ও পঞ্চাশ পয়সা এই দুই রকমের মুদ্রা প্রচার করা হইতেছে। মুদ্রার এক পাশে জওহরলালের মূর্ত্তি, ইংরাজীতে তাঁহার নাম এবং "১৮৮৯—১৯৬৪" সংখ্যাগুলি লিখিত থাকিবে। মূর্ত্তির দুই পার্শ্বে নাম ও ঐ সংখ্যার মধ্যে তারকা অঙ্কিত থাকিবে। মুদ্রার অপর পৃষ্ঠে থাকিবে অশোক স্তম্ভের সিংহ প্রতীক, এবং হিন্দীতে 'ভারত' ও ইংরেজীতে 'ইণ্ডিয়া' কথাটি লিখিত থাকিবে।

প্রথমে সকল রাজ্যের রাজধানী ও এলাহাবাদ হইতে স্মারক মুদ্রাগুলি প্রচারিত হইবে। পরে বেশী মুদ্রা পাওয়া গেলে জেলার সদর হইতেও উহা পাওয়া যাইবে।

## বিনামূল্যে টিফিন

আমেরিকার নামকরা সাহায্য প্রতিষ্ঠান কেয়ার এবং রাজ্য সরকার যুক্তভাবে আগামী ১৫ই ডিসেম্বর হইতে কলিকাতা পৌর প্রতিষ্ঠানের তিন-শত প্রাথমিক বিদ্যালয়ের লক্ষাধিক ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে জলখাবার সরবরাহ করিবেন বলিয়া জানা গিয়াছে। ছাত্রছাত্রীদের ঐ দিন হইতে টিফিনের সময় আপাতত দুধ ও রুটি সরবরাহ করা হইবে। কেয়ার প্রতিষ্ঠান কেবল গুঁড়া দুধ ও ময়দা সরবরাহ করিবে এবং রাজ্য সরকার চিনি ও ময়দা হইতে রুটি এবং অন্যান্য আনুসঙ্গিক ব্যয়ভার গ্রহণ করিবে বলিয়া প্রকাশ। ১৫ই ডিসেম্বর কলিকাতার একটি প্রাথমিক বিদ্যালয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রী পি, সি, সেন ও শিক্ষামন্ত্রী শ্রীরবীন্দ্রলাল সিংহের উপস্থিতিতে ভারতস্থিত আমেরিকার রাষ্ট্রদূত শ্রীচেষ্টার বোলস উপরোক্ত জলখাবার প্রদানের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করিবেন বলিয়া জানা গিয়াছে।

## মুর্শিদাবাদ সীমান্ত এলাকায় নৈশবাণিজ্য ও যানচলাচল নিষিদ্ধ

মুর্শিদাবাদ জেলাশাসক পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনের ২০ ধারা অনুযায়ী এক আদেশ জারী করিয়া পাকিস্তান সীমান্ত এলাকার ৫ মাইলের মধ্যে সূর্য্যাস্ত হইতে সূর্য্যোদয় পর্য্যন্ত সর্ব্বপ্রকার যানবাহন ও নৌকা চলাচল, হাটবাজার ও ব্যবসা-বাণিজ্য নিষিদ্ধ করিয়াছেন। এ আদেশ আগামী ১৯৬৫ সালের ১৪ই জানুয়ারী পর্য্যন্ত বলবৎ থাকিবে।

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো যাইতেছে যে আমি জঙ্গিপুর রঘুনাথগঞ্জ কো-অপারেটিভ মালটীপারপাস সোসাইটী লিঃ এর ১-৭-৬৩ তাং হইতে ৩০-৬-৬৪ তাং পর্য্যন্ত "বার্ষিক হিসাব" পরীক্ষা ( Statutory audit ) আগামী ২৯-১১-৬৪ তারিখে আরম্ভ করিব। সকল অংশীদার, পাওনাদার ও দেনদারগণকে অনুরোধ করা হইতেছে, তাঁহারা যেন ৩০-৬-৬৪ তারিখ পর্য্যন্ত সমিতির নিকট নিজ নিজ দেনা-পাওনার এবং অংশের হিসাব মিলাইয়া দেখেন এবং কোনরূপ অসঙ্গতি লক্ষ্য করিলে তাঁহারা নিম্নস্বাক্ষরকারীর সহিত ব্যক্তিগতভাবে আগামী ২৯-১১-৬৪ তারিখের মধ্যে সমিতির অফিসে উপস্থিত হইয়া ঐরূপ অসঙ্গতির কথা জানাইবেন। অন্যথায় সমিতির প্রদর্শিত হিসাবই নির্ভুল বলিয়া গণ্য হইবে।

পৃথকভাবে হিসাবের নির্ভুলতা নির্দ্ধারক পত্র (Verification slip) দেওয়া হইবে না। ২৪-১১-৬৪

( স্বাঃ ) **পীরজামাল সেখ**

অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ, জঙ্গিপুর।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১০ই ডিসেম্বর, ১৯৬৪

১৯৬৪ সালের ডিক্রীজারী

২২ স্বত্ব ডিঃ রতিজান নেসা বিবি দেং ইয়াসিন সেখ দাবি ১৩৭ টাকা ৮০ পঃ থানা সাগরদীঘি মৌজে তেলাঙ্গল ১৪২॥৵০ জমার অন্তর্গত ৬ শতক জমি হারাহারি কাত ।৵০ আঃ ৫০, খং ৬৫ রায়ত স্থিতিবান স্বত্ব তদুপরিস্থিত দেওয়ালিয়া খড়ের ঘর মায় চাল ছাপ্পর কপাট চৌকাট নওয়া জিম্মা সহ



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা. মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ**, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

# শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


---


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)